



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়



## ফটিকছড়ি সরকারি কলেজ, চট্টগ্রাম

FATIKCHHARI GOVT. COLLEGE, CHATTOGRAM.

স্থাপিত: ১৯৭০। ডাক ও উপজেলা: ফটিকছড়ি, জেলা: চট্টগ্রাম। ফোন: 09613-004862

অধ্যক্ষ: ০১৮১৯-৮২১৪৫৭, কলেজ কোড: জা:বি: ৪৩৪১, চট্ট: বোর্ড: ৩৩২৭, EINN: 104389

www.fgc.edu.bd

fb.com/fgc.ctg

Email: fcdbd.net@gmail.com

স্মারক নং: এফ/সি/নং/

/২০২২-২৩/

তারিখ: ১৪/১১/২০২২ খ্রি:

### ২০২১-২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ১ম মেধা তালিকাভুক্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি:

### ভর্তি সংক্রান্ত (করণীয় সমূহ) বিজ্ঞপ্তি:

ক) কলেজ অফিসে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।

খ) প্রথম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অন-লাইন আবেদন ফরম অবশ্যই প্রিন্ট নিতে হবে। ভর্তি ফি, রেজি: ফি (জা.বি) এবং ৪ মাসের টিউশন ফি সহ বি.এ, বি.এস.এস, বি.বি.এস কোর্সে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা এবং বি.এসসি কোর্সে ৫২০০/- (পাঁচ হাজার দুইশত) টাকা স্থানীয় আল-আরাফা ইসলামী ব্যাংক লি. বিবিরহাট শাখায় (খানার মোড়) জমা দিয়ে ব্যাংক স্লিপের স্টুডেন্ট কপি এবং পূরণকৃত ভর্তি ফরম ও অন্যান্য কাগজপত্র কলেজ অফিসে জমা দেয়ার তারিখ :- ১৫/১১/২০২২ থেকে ২৪/১১/২০২২ পর্যন্ত। (সাপ্তাহিক ও সরকারি ছুটি ব্যতীত)

গ) ভর্তি ফরমের সাথে SSC ও HSC বা সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রসংশা পত্র অবশ্যই জমা দিতে হবে। উভয় পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসা পত্র, রেজি: কার্ড ও জন্মসনদের ফটোকপি (প্রত্যেকটি ২ কপি) এবং ৩ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের (সাদা ব্যাকগ্রাউন্ডে) রঙিন ছবি অবশ্যই ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।

ঘ) ব্যাংকে ভর্তি ফি জমা দেয়ার পর ব্যাংক স্লিপের স্টুডেন্ট কপি, এক কপি পাসপোর্ট সাইজ (সাদা ব্যাকগ্রাউন্ড) সদ্য তোলা ছবি এবং অনলাইন ভর্তির আবেদন ফরমের ফটোকপি উপাধ্যক্ষের অফিসে কম্পিউটার শাখায় নিজ দায়িত্বে জমা দিয়ে (উল্লেখিত তারিখের মধ্যে) অনলাইনে অবশ্যই ভর্তি নিশ্চয়ন করতে হবে। অনলাইন ভর্তি নিশ্চয়ন ব্যর্থ হলে ভর্তি বাতিল হবে, এ জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঙ) ভর্তির আবেদন ফরম পূরণের সময় পঠিতব্য বিষয় সমূহ/বিষয়গুচ্ছ থেকে সঠিক ভাবে নির্বাচন করে ফরমে লিখতে হবে। প্রয়োজনে ভর্তি কমিটির দায়িত্বপ্রাপ্ত শিক্ষক হতে পরামর্শ নিবে। সঠিকভাবে বিষয় নির্বাচন না হলে ভর্তি বাতিল হতে পারে।

চ) ক্লাশ চলাকালীন প্রত্যহ প্রত্যেক ছাত্র-ছাত্রীকে নির্ধারিত ড্রেস পরিধান করে কলেজ ক্যাম্পাসে ঢুকে ক্লাশ করতে হবে। ছাত্রদের জন্য:- আকাশী রংয়ের শার্ট, কালো প্যান্ট, ছাত্রীদের জন্য:- সাদা এপ্রোন।

ছ) ক্লাস শুরুর তারিখ: ৪/১২/২০২২ খ্রি:

জ) সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারিতে সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১৪.১১.২২

(মোহাম্মদ মনিরুজ্জামান)

উপাধ্যক্ষ ও অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
ফটিকছড়ি সরকারি কলেজ, চট্টগ্রাম।